

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০২২.১৬-৮৭৩/১৫

তারিখ- ২৭/১১/২০১৮ খ্রিঃ।

বিষয়: কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত, প্রতারণা এবং অর্থ আত্মসাৎ এর জন্য ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। স্মারক নং- রিসার্চ সেল/৩০, তারিখঃ ০৩/১১/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব আন.ম মোশারফ হুসেন, ষ্টোরকিপার, ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০২২.১৬-৩৫৯, তারিখ- ১৬/০৭/২০১৮ মোতাবেক সহকারী পরিচালক-৫ কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিষয়টি তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, আপনার বিরুদ্ধে অর্থ আত্মসাৎ এবং প্রতিষ্ঠানের ক্রয় কার্যে নিয়োজিত ঠিকাদারদের সাথে আর্থিক লেনদেন সংক্রান্ত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। এছাড়াও, আপনি বিগত ২০/১০/২০১৬ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্তব্য কাজে অনুপস্থিত রয়েছেন। আপনার এরূপ আচরণ গুরুদণ্ড পর্যায়ে পর্যায়ভুক্ত। যা “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮” এর ধারা ৩।(খ), ৩।(গ) ও ৩।(ঘ) ধারা এর পরিপন্থি ও শাস্তিযোগ্য অপরাধ।

২। যেহেতু, আপনার উক্ত আচরণের কারণে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা” ২০১৮” এর ৩।(খ), ৩।(গ) ও ৩।(ঘ) ধারা মতে “অসদাচরণ”, “পলায়ন” ও “দুর্নীতি” এর সামিল। তাই কেন আপনাকে গুরুদণ্ড আরোপের আওতায় বর্তমান পদ হতে নিম্নতর পদে অবনমিত করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হল। লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে ব্যক্তিগত গুনানী চান কিনা তাও নিম্ন স্বাক্ষরকারী বরাবর জানানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

(অশোক কুমার বিশ্বাস)
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

বর্তমান ঠিকানাঃ

আন.ম মোশারফ হুসেন,
ষ্টোরকিপার,
ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট,
ময়মনসিংহ।

স্থায়ী ঠিকানাঃ

গ্রামঃ বাঙ্গালকান্দি, পোঃ কান্দিপাড়া,
থানাঃ গফরগাঁও, জেলাঃ ময়মনসিংহ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

- ১। অধ্যক্ষ, ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট, ময়মনসিংহ।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ জানানো হল।)
- ৩। সংরক্ষিত নথি।